# রাষ্ট্রপতি নির্বাচন স্থগিত চেয়ে রিট খারিজ করলেন হাইকোর্ট



সংগৃহীত ছবি

আগামী বৃহস্পতিবার (২০ আগস্ট) অনুষ্ঠেয় রাষ্ট্রপতি নির্বাচনের তফসিল স্থগিত এবং রাষ্ট্রপতি নির্বাচন আইন-১৯৯১-এর ২(ঘ) ধারা নিয়ে করা রিট আবেদন খারিজ করে দিয়েছেন হাইকোর্ট।

বুধবার (১৯ আগস্ট) বিচারপতি রাজিক আল জলিল ও বিচারপতি দেবাশীষ রায় চৌধুরীর হাইকোর্ট বেঞ্চ এ আদেশ দেন।

আদেশের পর অ্যাটর্নি জেনারেল রুহুল কুদ্দুস কাজল বলেন, আবেদনটির গ্রহণযোগ্য ভিত্তি না থাকায় আদালত তা খারিজ করেছেন। ফলে নির্ধারিত সময় অনুযায়ী রাষ্ট্রপতি নির্বাচন আয়োজনে এখন কোনো আইনি জটিলতা নেই বলেও জানান তিনি।

সুপ্রিম কোর্টের আইনজীবী সাইফুল আলম সোমবার হাইকোর্টে আবেদনটি করেন। তার আবেদনে রাষ্ট্রপতি নির্বাচন আইন-১৯৯১-এর ২(ঘ) ধারার বৈধতা নিয়ে প্রশ্ন তোলা হয়। ওই ধারা সংবিধানের গণতন্ত্র ও মানবাধিকারসংক্রান্ত ১১ অনুচ্ছেদ এবং মৌলিক অধিকারসংক্রান্ত ২৬ অনুচ্ছেদের সঙ্গে সাংঘর্ষিক বলে দাবি করা হয়।

রিটে জাতীয় সংসদ নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করা সব প্রার্থীকে রাষ্ট্রপতি নির্বাচনের ভোটার তালিকায় রাখার দাবি জানানো হয়। একই সঙ্গে রাষ্ট্রপতি নির্বাচনের জন্য সবার অংশগ্রহণ নিশ্চিত করে এমন একটি অভিন্ন নীতিমালা প্রণয়নের নির্দেশনাও চাওয়া হয়েছিল।